


প্রেস বিজ্ঞপ্তি

৪৬৬ তম কমিশন সভা অদ্য ২৯/০১/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন আজকের সভায় নিজস্ব পোর্টফোলিওতে ধারণকৃত শেয়ারের মূল্যহ্রাসজনিত ক্ষতির বিপরীতে প্রভিশন সংরক্ষণ বিষয়ে বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন এর ২২/০১/২০১৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে সার্বিক পরিস্থিতি বিবেচনায় এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক উহার সিডিউল ব্যাংক সমূহের নিজস্ব পোর্টফোলিওতে ধারণকৃত শেয়ারের পুনঃমূল্যায়নজনিত ক্ষতির বিষয়ে গৃহীত সিদ্ধান্তটি পর্যালোচনাপূর্বক সকল মার্চেন্ট ব্যাংক সমূহের (যার জন্য প্রযোজ্য) নিজস্ব পোর্টফোলিওতে (Own Portfolio) ধারণকৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১২ তারিখ ভিত্তিক পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১২ হতে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও সভায় আরও সিদ্ধান্ত গৃহীত হয় যে, এ সুবিধা কেবলমাত্র ৩১ ডিসেম্বর ২০১২ ইং তারিখের সমাপ্ত বৎসরে উদ্ভূত পুনঃমূল্যায়নজনিত ক্ষতির প্রভিশনের জন্য প্রযোজ্য হবে। তৎপরবর্তী সময়ে রক্ষিতব্য প্রভিশন (যদি থাকে) যথানিয়মে সংরক্ষণ করতে হবে এবং উপরোক্ত সুযোগ গ্রহণ করার ফলে উক্ত আর্থিক বৎসরের জন্য কোন ধরনের নগদ লভ্যাংশ (cash dividend) প্রদান করা যাবে না।
২. এছাড়াও সভায় EXIM Bank 1st Mutual Fund এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করা হয়েছে। EXIM Bank 1st Mutual Fund এর অভিহিত মূল্য ১০ টাকা যা ১০ কোটি ইউনিটে বিভক্ত এবং আকার হচ্ছে ১০০ কোটি টাকা। উল্লেখ্য, ১০০ কোটি টাকার EXIM Bank 1st Mutual Fund এর মধ্যে ৫০ কোটি টাকা ইতোমধ্যে উদ্যোক্তা ও প্রাক-আইপিওর মাধ্যমে সংগৃহীত হয়েছে। অবশিষ্ট ৫০ কোটি টাকা মূল্যমানের ফান্ড প্রাথমিক গণপ্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে উত্তোলন করা হবে। আরও উল্লেখ্য যে, প্রাথমিক গণপ্রস্তাব (IPO) এর ৫০ কোটি টাকার ফান্ডের মধ্যে নিবাসী বাংলাদেশীদের জন্য ৪০ কোটি টাকা (ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীগণের ২০% কোটা সহ), অনিবাসী বাংলাদেশীদের জন্য ৫ কোটি টাকা এবং অন্যান্য মিউচুয়াল ফান্ডগুলির জন্য ৫ কোটি টাকার সমপরিমাণ কোটা রাখা হয়েছে। ফান্ডটির সম্পদ ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে RACE Management Private Company Limited।
৩. সভায় Green Delta Insurance Company Limited কে ৫১,০৩,০০০ টি সাধারণ শেয়ার (প্রতিটি ১০ টাকা মূল্যমানের) ইস্যুর মাধ্যমে ৫,১০,৩০,০০০ টাকা মূলধন উত্তোলনের (Capital Raising) প্রস্তাবে অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটির পরিশোধিত মূলধন ৫১,০৩,০০,০০০ টাকা থেকে ৫৬,১৩,৩০,০০০ টাকায় উন্নীত হবে। উল্লেখ্য, বর্তমান শেয়ারহোল্ডার এর বাইরে (other than existing shareholders) International Finance Corporation (IFC) এর নিকট ইস্যুর মাধ্যমে (Private Placement) এই পুঁজি উত্তোলন এর প্রস্তাবে অনুমোদন দেয়া হয়েছে।


২৯/০১/২০১৩

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র